সময়ের আলো

ঢাবি উপাচার্য সম্পর্কে অসত্য বক্তব্যের প্রতিবাদ জানাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

ঢাবি প্রতিনিধি

প্রকাশ: রোববার, ২১ সেপ্টেম্বর, ২০২৫, ৮:০৫ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানকে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ও বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে প্রচারিত বক্তব্যকে 'ভিত্তিহীন, বিদ্বেষপূর্ণ ও উদ্দেশ্যপ্রণোদিত' আখ্যা দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

রোববার (২১ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের উপ-পরিচালক ফররুখ মাহমুদ সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের সঙ্গে উপাচার্যের সংশ্লিষ্টতার ইঙ্গিত করে যে বক্তব্য ছড়ানো হয়েছে, তা সম্পূর্ণ অসত্য। এটি ডাকসু ও হল সংসদ নির্বাচন-২০২৫ পরবর্তী সময়ে ধারাবাহিকভাবে ছড়ানো গুজবেরই অংশ বলে মন্তব্য করেছে তারা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, মাননীয় উপাচার্য জীবনের কোনো পর্যায়েই কোনো রাজনৈতিক সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন না। বরং পূর্বে সংবাদ মাধ্যমে দেওয়া একাধিক বক্তব্যে তিনি এ অবস্থান স্পষ্ট করেছেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সময়ে তিনি অনাবাসিক ছাত্র ছিলেন। ফলে নির্দিষ্ট কারও সংস্পর্শে থেকে রাজনৈতিক কর্মকাণ্ডে যুক্ত হওয়ার অভিযোগ সম্পূর্ণ বানোয়াট।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করে, এ ধরনের বক্তব্য উপাচার্যের ব্যক্তিগত সম্মান ও বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এই প্রতিবাদের মাধ্যমে মাননীয় উপাচার্যকে ঘিরে প্রচারিত অসত্য ও বিদ্বেষমূলক বক্তব্য ঘিরে জনমনে সৃষ্ট বিভ্রান্তি দূর হবে বলে কর্তৃপক্ষ দৃঢ়ভাবে আশাবাদী।

The Country Today

CAMPUS CORNER



Int'l Business and Technology Confce ends at DU

DU Correspondent

The two-day International Business and Technology Conference concluded on Sunday at the Nawab Nawab Ali Chowdhury Senate Building, University of Dhaka. A seminar titled "Banking Crisis, Reform and Regulation: The Impact of Bank Governance" was held on the concluding day. Dhaka University Vice Chancellor Professor Dr. Niaz Ahmed Khan spoke at the closing ceremony. The conference was jointly organized by Dhaka University, University of Asia Pacific and OTH Amberg-Weiden, Germany.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৭ আশ্বিন ১৪৩২

DU in Media

22 September 2025

প্রতিদিনের সংবাদ

ঢাবি আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা গতকাল রবিবার কেন্দ্রীয় খেলার মাঠে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময় শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. এস এম মোস্তফা আল মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সদস্য সহযোগী অধ্যাপক মুহাম্মদ মাহবুব কায়সার, ডাকসু ভিপি সাদিক কায়েম, জিএস এস এম ফরহাদসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উদ্বোধনী ম্যাচে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ ২-১ গোলে ফারসি ভাষা ও সাহিত্য বিভাগকে পরাজিত করে।



ঢাবির কেন্দ্রীয় খেলার মাঠে গতকাল আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা উদ্বোধন করা হয় ● প্রতিদিনের সংবাদ

The Country Today

DU Inter-departmental Football Competition begins

DU Correspondent

Dhaka University Inter-departmental Football Competition has started on Sunday at the Central Playground. Dhaka University Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha inaugurated the competition as the chief guest.

At this Continued to page 2



DU Inter-departmental

time, Physical Education Center Advisor Prof Dr. S. M. Mostafa Al Mamun, Dhaka University Football Committee member Associate Professor Muhammad Mahbub Kaiser, DUCSU VP Sadiq Kayem, GS S. M. Farhad, along with chairmen of various departments, teachers, students and officials were present.